



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



স্মারক নং- ঢাশিবো/বি/অ/২০/মুসী/৯৬২

তারিখ: ০৯/০১/২০২২

বিষয়: মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলাধীন শিবরামপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: নূরুল ইসলাম কর্তৃক নবগঠিত ম্যানেজিং কমিটি গঠন ও অন্যান্য বিষয়ে অভিযোগ প্রমাণিত হওয়ায় কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: ক) জনাব দিদারুল আলম (শাহীন) এর ২৬/১২/২০২১ তারিখের অভিযোগপত্র।

খ) বোর্ডের পত্র নং- ঢাশিবো/বি/অ/২০/মুসী/৯৪৭; তারিখ: ৩০/১২/২০১২ এর তদন্ত কমিটি গঠনের অফিস আদেশ।

গ) তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের সুপারিশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলাধীন শিবরামপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: নূরুল ইসলাম কর্তৃক নবগঠিত ম্যানেজিং কমিটি গঠন ও অন্যান্য বিষয়ে অভিযোগ প্রমাণিত হয়েছে। বিশেষ করে সঠিকভাবে খসড়া ও চূড়ান্ত ভোটার তালিকা প্রনয়ণ না করা, অভিভাবক সদস্য নির্বাচনে অনিয়ম করা, একজন অভিভাবকের বিরুদ্ধে ফৌজদারী মামলা চলমান থাকায় তা গোপন করে নির্বাচনে অংশগ্রহণের সুযোগ করে দেয়া এবং নির্বাচনের বিষয়ে প্রধান শিক্ষক কর্তৃক উক্ত বিষয় গোপন করে বোর্ডে দাখিলকৃত অভিভাবক সদস্যসহ কারো নামে কোন মামলা মোকদ্দমা নেই মর্মে প্রত্যয়ন করা, বিদ্যালয় পরিচালনায় নানাবিধ অনিয়ম এবং দীর্ঘদিন যাবত বিদ্যালয়ের অভ্যন্তরিন ও সরকারি অডিট না করা ইত্যাদি কারণে কেন আপনার বেতন-ভাতা (এমপিও) বন্ধের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হবে না-মর্মে কারণ দর্শাণো হলো।

পত্র ইস্যুর তারিখ হতে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে উক্ত কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত/-

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক: প্রধান শিক্ষক

শিবরামপুর উচ্চ বিদ্যালয়

ডাক: বাউখালি, উপজেলা:শ্রীনগর,

জেলা:মুন্সীগঞ্জ।

মেমো নং: ৯৬২ (৮)

তারিখ: ০৯/০১/২০২২

অনুলিপি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ: (জৈষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
৩. জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ।
৪. উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
৬. পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

  
০৯/০১/২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

  
০৯/০১/২০২২